অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/5/2023 **গভর্নর ক্যাথি হোকল**

প্রবীণ আমেরিকানদের মাস হিসেবে মে মাসকে আখ্যায়িত করে গভর্নর হোকলের ইশতেহার জারি

মেডিকেয়ার সঞ্চয় কর্মসূচির জন্য উপযুক্ত বিবেচিত হওয়ার জন্য মেডিকেয়ার সুবিধাভোগীদের আয়ের সীমা সম্প্রসারণ করার ঘোষণা দিয়েছেন

স্টেট প্রবীণদের জন্য বিস্তৃত মাস্টার প্ল্যান তৈরি করতে যাচ্ছে, যা AARP মনোনীত প্রথম প্রবীণ-বান্ধব স্টেট হিসেবে নিউ ইয়র্কের অবস্থানের উপর ভিত্তি করে গড়ে তোলা হচ্ছে

ঘোষণাপত্রটি এখানে পড়ুন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটে প্রবীণ আমেরিকানদের মাস হিসেবে মে মাসকে আখ্যায়িত করে এবং নিউ ইয়র্কের প্রবীণ ব্যক্তিদের মধ্যে যারা প্রতি বছর 13.8 বিলিয়ন ডলার অর্থনৈতিক মূল্যের 495 মিলিয়ন ঘণ্টারও বেশি কমিউনিটি সার্ভিস দেন তাদের অসাধারণ স্বেচ্ছাসেবাকে স্বীকৃতি দিয়ে একটি ইশতেহার জারি করেছেন।

"প্রবীণ আমেরিকানদের মাস হচ্ছে প্রবীণ নিউ ইয়র্কবাসীরা আমাদের স্টেটের সামাজিক ও অর্থনৈতিক পরিবেশের জন্য যে অসাধারণ অবদান রাখছেন তা উদযাপন করার একটি সময়," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা নিউ ইয়র্কের প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের অবদানের জন্য তাদের প্রতি সম্মান জানাই এবং বয়স বাড়ার সাথে সাথে তাদেরকে স্বনির্ভরতা এবং উন্নত জীবনযাপনের মান বজায় রাখতে সাহায্য করার জন্য সেবা প্রদান অব্যাহত রাখার ব্যাপারে আমাদের অঙ্গীকারকে আরো সামনে এগিয়ে নিচ্ছি।"

60 বছর এবং তারচেয়ে বেশি বয়সী ব্যক্তির সংখ্যার দিক দিয়ে নিউ ইয়র্ক দেশের মধ্যে চতুর্থ অবস্থানে রয়েছে, যে সংখ্যা 4.6 মিলিয়ন। 2030 সালের মধ্যে, এই জনসংখ্যা 5.3 মিলিয়নে পৌঁছাবে বলে প্রত্যাশা করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং (New York State Office for the Aging, NYSOFA)-এর তথ্য অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটে 60 বছর এবং তারচেয়ে বেশি বয়সী 935,000 জন ব্যক্তি রয়েছেন যারা 495 মিলিয়ন ঘণ্টা কমিউনিটি সেবা প্রদান করছেন, যার আর্থিক মূল্য 13.8 বিলিয়ন ডলার। 60 বছর এবং তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের মধ্যে চৌষট্টি শতাংশ ব্যক্তি নিজের বাড়ির মালিক এবং তাদের কোনো মর্টগেজ নেই, যারা স্থানীয়

করের ভিত্তিতে সরাসরি অবদান রাখছেন, স্কুল, স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান, এবং অলাভজনক অবকাঠামোকে সহায়তা করছেন। যুক্তরাষ্ট্রের যেকোনো জনগোষ্ঠীগত গ্রুপের মধ্যে 50 বছর এবং তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিরা সবচেয়ে বেশি স্বেচ্ছাসেবা, মানবহিতৈষী কর্মপ্রচেষ্টা, উদ্যোক্তা, এবং দানের ক্রিয়াকলাপের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন।

নিউ ইয়র্কের বয়স্কদের জন্য পরিষেবা প্রদানকারী কর্মসূচিগুলো প্রধানত NYSOFA এবং 59টি এরিয়া এজেন্সি অন এজিং (AAA) এবং প্রায় 1,200টি কমিউনিটি সংগঠনের মাধ্যমে পৌঁছে দেওয়া হয়। এই নেটওয়ার্ক 1.3 মিলিয়নের বেশি সংখ্যক প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি এবং তাদের পরিবারকে প্রতি বছর 20টিরও বেশি মূল সেবা এবং বাড়তি কমিউনিটিভিত্তিক সহায়তা প্রদান করছে, যার মধ্যে ব্যক্তিগত পরিচর্যা, পরিবহন, আইনি পরিষেবা, কাউন্সেলিং, কেস ম্যানেজমেন্ট, সিনিয়র সেন্টারের কর্মসূচি, অবকাশযাপন, প্রবীণ-নিপীড়ন প্রতিরোধ, বেনিফিট সহায়তা, এবং পুষ্টি পরিষেবাসমূহ যেমন বাড়িতে খাবার পৌঁছে দেয়া, একসঙ্গে আহার, অথবা অন্যান্য পুষ্টি সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং-এর ভারপ্রাপ্ত ডিরেক্টর গ্রেগ ওলসেন বলেন, "NYSOFA প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের মূল্য স্বীকার করা এবং বয়স বাড়তে থাকা যে একটি আজীবন ধরে চলমান প্রক্রিয়া তা অনুধাবন করার ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্বের প্রশংসা করে। আমাদের লক্ষ্য হলো নিউ ইয়র্ক স্টেট জুড়ে একটি সামগ্রিক কমিউনিটির পরিবেশের পাশাপাশি একটি পরিষেবা ও সহায়তার কাঠামো গড়ে তোলা যা সব প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য সুযোগ-সুবিধা প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "এই ডিপার্টমেন্ট প্রবীণ আমেরিকানদের এবং প্রতিদিন তারা নিউ ইয়র্ক স্টেটের জন্য যে অমূল্য অবদান রাখছেন এবং তারা আজীবন যে অবদান রেখেছেন তা উদযাপন করে। নিউ ইয়র্কবাসীদের বয়স বাড়ার সাথে সাথে আমরা যাতে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করতে পারি তা নিশ্চিত করতে, আমাদের মাস্টার প্ল্যান ফর এজিং (Master Plan for Aging)-এর মধ্যে প্রবীণ নিউ ইয়র্কবাসীদের, যাদের দীর্ঘমেয়াদী পরিচর্যা পরিষেবা ও সহায়তা পাওয়ার প্রয়োজন হতে পারে, চাহিদাগুলোর স্বীকৃতি দেওয়া এবং পূরণ করা নিশ্চিত করবে এমন নীতিমালা ও কর্মসূচিসমূহ অন্তর্ভুক্ত থাকবে। গভর্নর হোকল অতি গুরুত্বপূর্ণ এজিং কর্মসূচি ও সহায়তাগুলোর গুণমান ও অ্যাক্সেস উন্নত করার এই গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করার ক্ষেত্রে সঙ্গতিপূর্ণভাবে ভিশনারি নেতৃত্বের প্রমাণ দেখিয়েছেন।"

এছাড়াও গভর্নর প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে তাদের আয়ুস্কাল জুড়ে সহায়তা প্রদান করার জন্য চলমান কয়েকটি উদ্যোগের কথাও ঘোষণা করেছেন:

- স্টেটের মাস্টার প্ল্যান ফর এজিং (MPA) MPA প্রণয়নের জন্য যে 20টি স্টেট সংস্থা নিয়ে MPA কাউন্সিল গঠিত সেগুলোর পাশাপাশি নেতৃস্থানীয় বিশেষজ্ঞদের স্টেকহোল্ডার উপদেষ্টা কমিটি এবং জনসাধারণের মতামত সংগ্রহের একটি প্রক্রিয়ার সামষ্টিক দক্ষতাকে একসঙ্গে নিয়ে আসছে। MPA উপকমিটিগুলোর একটি গ্রুপ বিদ্যমান বয়স-

বান্ধব উদ্যোগসমূহ শনাক্ত করা এবং আরো উন্নত করা এবং বিবেচনার জন্য নতুন উদ্যোগের খসড়া প্রণয়ন করার জন্য এপ্রিল মাসে বৈঠকে বসতে শুরু করেছে। বিশেষজ্ঞদের প্রতিটি উপকমিটি একটি সুনির্দিষ্ট ফোকাস এরিয়া নিয়ে কাজ করছে, যার মধ্যে অর্থনৈতিক নিরাপত্তা, আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক কেয়ারগিভিং, স্বাস্থ্য ও সুস্থতা, বাড়ি ও কমিউনিটি ভিত্তিক পরিষেবাসমূহ, আবাসন, এবং দীর্ঘ-মেয়াদী পরিষেবা ও সহায়তাসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। তাদের সুপারিশগুলো এই গ্রীষ্মে একটি প্রাথমিক MPA উপদেষ্টা প্রতিবেদনের জন্য তথ্য প্রদান করবে। 2024 সালের শুরুতে একটি খসড়া চূড়ান্ত MPA প্রতিবেদন প্রস্তুত হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

- NYSOFA ফেডারেল সরকারের জন্য এটির চার বছর মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করছে, যেখানে NYSOFA এবং এটির নেটওয়ার্ক কিভাবে প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য কয়েকটি ফোকাস এরিয়ায় ফেডারেল অগ্রাধিকারগুলো মোকাবেলা করবে তার রূপরেখা তুলে ধরা হয়েছে। NYSOFA এই চার বছর মেয়াদী পরিকল্পনা সম্পর্কে স্টেটজুড়ে জনসাধারণের সঙ্গে সম্পৃক্ততার ধারাবাহিক সেশন আয়োজনের পরিকল্পনা করেছে। এসব সেশনে, NYSOFA স্টেটব্যাপী পরিচালিত একটি সমন্বিত কমিউনিটি মূল্যায়ন জরিপের ফলাফলও শেয়ার করবে যেখানে প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের কাছ থেকে কমিউনিটির চাহিদা এবং সফলভাবে বেড়ে উঠার জন্য অগ্রাধিকারগুলো সম্পর্কে 20,000-এরও বেশি উত্তর পাওয়া গেছে।
- নিউ ইয়র্ক স্টেট মেডিকেয়ার সুবিধাভোগীদের মেডিকেয়ার সঞ্চয় কর্মসূচি (Medicare Savings Program, MSP)-এর জন্য উপযুক্ত বিবেচিত হওয়ার জন্য আয়ের সীমা সম্প্রসারণ করেছে। 2023 সালের আয়ের উপযুক্ততার সীমা একজন ব্যক্তির জন্য 2,280 ডলার এবং দম্পতির জন্য 3,077 ডলার। MSP সীমিত আয় নিয়ে বসবাসকারী প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি এবং প্রতিবন্ধী ব্যক্তিদেরকে তাদের মেডিকেয়ার পার্ট B প্রিমিয়াম পরিশোধ করা এবং তাদেরকে স্বয়ংক্রিয়ভাবে এক্সট্রা হেল্প (Extra Help)-এ তালিকাভুক্ত করার মাধ্যমে সাহায্য করে থাকে। এই আর্থিক সহায়তা তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য একটি লাইফলাইন হতে পারে, যা তাদেরকে নিজেদের মেডিকেয়ার কভারেজ বজায় রাখার, প্রয়োজনীয় সেবা অ্যাক্সেস করার, এবং অন্যান্য প্রয়োজন পূরণ করার সুযোগ করে দেয়। নতুনভাবে সম্প্রসারণ করা এই কর্মসূচি প্রতি বছর সুবিধাভোগীদের গড়ে 7,000 ডলার পর্যন্ত সাশ্রয় করবে বলে অনুমান করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটে এখানে একটি আবেদনপত্র পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন